

## 🗏 আস-সফ | As-Saff | ٱلصَّف

আয়াতঃ ৬১: ৯

## **া** আরবি মূল আয়াত:

هُوَ الَّذِى اَرسَلَ رَسُولَهُ بِالهُدٰى وَ دِينِ الحَقِّ لِيُظهِرَهُ عَلَى الدِّينِ كُلِّهٖ وَ لَو كَرِهَ المُشرِكُونَ ﴿٩﴾

## 

তিনিই তাঁর রাসূলকে হিদায়াত ও সত্যদ্বীন দিয়ে প্রেরণ করেছেন, যাতে তিনি সকল দ্বীনের উপর তা বিজয়ী করে দেন। যদিও মুশ্রিকরা তা অপছন্দ করে। — আল-বায়ান

তিনিই তাঁর রসূলকে হিদায়াত ও সত্য দীনসহ পাঠিয়েছেন তাকে সকল দীনের উপর বিজয়ী করার জন্য- যদিও মুশরিকরা (তা) অপছন্দ করে। — তাইসিরুল

তিনিই তাঁর রাসূলকে প্রেরণ করেছেন হিদায়াত এবং সত্য দীনসহ সকল দীনের উপর ওকে শ্রেষ্ঠত্ব দানের জন্য, যদিও মুশরিকরা তা অপছন্দ করে। — মুজিবুর রহমান

It is He who sent His Messenger with guidance and the religion of truth to manifest it over all religion, although those who associate others with Allah dislike it. — Sahih International

৯. তিনিই তাঁর রাসূলকে প্রেরণ করেছেন হেদায়াত ও সত্য দ্বীনসহ সকল দ্বীনের উপর তাকে বিজয়ী করার জন্য, যদিও মুশরিকরা তা অপছন্দ করে।

তাফসীরে জাকারিয়া

- (৯) তিনিই তাঁর রসূলকে প্রেরণ করেছেন পথনির্দেশ এবং সত্য দ্বীনসহ সকল দ্বীনের উপর তাকে শ্রেষ্ঠত্ব দানের জন্য; [1] যদিও মুশরিকরা তা অপছন্দ করে। [2]
  - [1] এটা পূর্বের কথার তাকীদস্বরূপ। বিষয়ের গুরুত্বের দিকে লক্ষ্য করে তার পুনরাবৃত্তি করা হয়েছে।
  - [2] তবুও এটা হবেই।

তাফসীরে আহসানূল বায়ান





• Source — https://www.hadithbd.com/quran/link/?id=5172

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন